সুদীর্ঘ তেষট্টি বৎসর ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
# পণ্ডিত-প্রেস
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ
সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫২শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৭শে বৈশাখ বুধবার, ১৩৭৩ ইং 11th May 1966 { ৫০শ সংখ্যা।


সকল ঘরের তরে ...
# দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ১৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

## রান্নায় আনন্দ
এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন।

• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।


# খাস জনতা
কেরোসিন কুকার

সাইকেল ও সাইকেল পার্টস এর
নির্ভরযোগ্য প্রাচীন প্রতিষ্ঠান
# সুলভ ভাণ্ডার
রঘুনাথগঞ্জ চাউলপটী।

ষ্টুডেন্টস ফেভারিট
রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

২৭শে বৈশাখ বুধবার সন ১৩৭৩ সাল।

## নিয়ন্ত্রণের কুফল

—০—

নিয়ন্ত্রণ শব্দের সদ্ব্যবহার স্বাধীনতা লাভের কিছুদিন পর হইতেই আরম্ভ হইয়াছে।

খাদ্য নিয়ন্ত্রণ, জন্ম-নিয়ন্ত্রণ সমস্তই প্রকৃতির উপর উৎপীড়ন—প্রকৃতিকে প্রতারণা করা। মানুষ মানুষকে প্রতারণা করিয়া সাময়িক লাভবান হইতে পারে। কিন্তু প্রকৃতিকে অনন্তকাল প্রতারণা করিয়া চলিলে প্রকৃতি অবশ্যই প্রতিশোধ গ্রহণ করিবে। ইহা ইতিহাস সিদ্ধ শাস্ত্রবাক্য।

উদরপূর্ত্তির জন্য খাদ্যের প্রয়োজন। পৃথিবীতে অভাব অভিযোগ, দুর্ভিক্ষ সাময়িকভাবে হইয়া আসিতেছে যুগযুগান্তর ধরিয়া। সেই সাময়িক অভাবেও ইতিহাস পর্য্যালোচনা করিলে দেখা যায়, মানুষকে উচ্ছৃঙ্খল করিয়াছে, পশুত্বে নামাইয়া আনিয়াছে। মানুষ অনন্তকাল ধরিয়া আধপেটা খাইয়া থাকিতে পারে না। সে যে কোন প্রকারে উদরপূর্ত্তির চেষ্টা করিবেই। নীতি, দুর্নীতি ও বিচার অবিচার সে ক্ষেত্রে তাহার অন্তরকে স্পর্শ করিবে না।

তা ছাড়া মানুষ তার জন্মগত অধিকার স্বাধীনতা হারাইয়া ফেলে এই নিয়ন্ত্রণ ব্যবস্থায়। কুকুর নিয়ন্ত্রণাধীনে থাকিতে ভালবাসে, ইহাই তাহার জন্মগত প্রকৃতি। আইনদ্বারা মানুষকে স্ব-বৃত্তি অনুসরণে বাধ্য করিলে সমাজের নৈতিকমান ধ্বসিয়া পড়িবে—সমাজ দুর্নীতি ও ব্যভিচারে পূর্ণ হইবে। হইয়াছেও তাহাই। যাহাতে জাতির চিত্তের বিকাশ হয়, সমাজে নীতিবোধ জাগ্রত হয় সরকারের তাহা দেখা ও করা একান্ত কর্ত্তব্য। সুতরাং ইহা স্বতঃপ্রমাণিত যে নিয়ন্ত্রণ ব্যবস্থা সামাজিক, মানসিক ও নৈতিক উন্নতির পরিপন্থী। ইহার বিলুপ্তি যত শীঘ্র কার্য্যকরী হয়, দেশের ও জাতির পক্ষে ততই মঙ্গল।

চরিত্রবান, সৎ ও দেশপ্রেমিক নেতৃত্ব ব্যতিরেকে জাতির নৈতিকমান উন্নতির কোন আশাই নাই। নিয়ন্ত্রণ ব্যবস্থা তখনই ফলপ্রসূ হয় যখন রাষ্ট্রকর্ণধারগণ, প্রতিটী রাজকর্ম্মচারী ও প্রত্যেক নাগরিক সৎ, নিঃস্বার্থ দেশপ্রেমিক হয়। দেশে কি সত্যই খাদ্যশস্যের এতটা অভাব আছে? সরকারী ষ্ট্যাটিসটিক্স অনুসারে জন্ম সংখ্যা বৃদ্ধি পাইয়াছে ১৯৫২ খ্রীষ্টাব্দের পর হইতে এ পর্য্যন্ত মাত্র শতকরা ৩০ ভাগ এবং খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধি পাইয়াছে শতকরা ৬০ ভাগের বেশী। বিদেশে গোপন পাচার চোরাকারবারীদের মজুত, সরকারী গুদাম হইতে লক্ষ লক্ষ মণ খাদ্যশস্য উধাও ও অপচয় রোধ করিতে অক্ষমতাই অভাবের মুখ্য কারণ। দেশের নেতৃমণ্ডলীর, ব্যবসায়ীদের, রাজকর্ম্মচারীদের ও নাগরিকদের নৈতিকমান ও দেশাত্মবোধ স্বাধীনতা লাভের পূর্ব্ববর্ত্তী সময়ের তুলনায় শতাংশ বর্ত্তমান থাকিলেও দেশের অবস্থা অন্য প্রকার হইত। আমরা সাধারণ লোকেও স্বাধীনতার সুফল ভোগ করিতে পারিতাম। জাতির এইরূপ দুর্নীতির পাপচক্রে নিয়ন্ত্রণ ব্যবস্থা কখনও ফলপ্রসূ হইবে না পরন্তু বিশৃঙ্খলা ও দুর্নীতি বাড়িয়াই যাইবে।

নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রত্যাহার করিলে রাষ্ট্রীয় ব্যবসায়ে ও তত্ত্বাবধানে যে অপচয় হইতেছে তাহা বন্ধ হইবে। সাধারণ ব্যবসায়ীগণ প্রতিযোগিতায় দ্রব্যমূল্য হ্রাস করিতে বাধ্য হইবেন। গোপন মজুত বন্ধ হইবে এবং জনসাধারণের দুর্গতি হ্রাস পাইবে। একমুষ্টি খাদ্যশস্যের জন্য ঝুলি হাতে ঘণ্টার পর ঘণ্টা দাঁড়াইয়া থাকা মানুষের পক্ষে সম্মানজনক নয়। যে জাতির মর্য্যাদা বোধ নাই সে জাতি কখনও পৃথিবীর বুকে শির উন্নত করিয়া দণ্ডায়মান হইতে সক্ষম হয় না—ইহা কি স্বাধীন ভারতের কর্ণধারগণ একবারও ভাবিয়া দেখিয়াছেন? সকল প্রকার বিধিনিষেধ প্রত্যাহার করিয়া ব্যবসায়ের স্বাধীন গাত প্রবর্ত্তন করিলে যে সমস্যা সত্তের বৎসরে কর্ত্তরা সমাধান করিতে পারেন নাই তাহার অবশ্য সমাধান অবশ্যম্ভাবী। অবশ্য সঙ্গে সঙ্গে উৎপাদন বৃদ্ধির জন্য সরকারকে তীব্র প্রচেষ্টা চালাইয়া যাইতে হইবে।

---

## টেক্সটাইল লাইসেন্স রিনিউ

আগামী ২১শে মে হইতে ২৯শে জুলাই, ১৯৬৬ পর্য্যন্ত জঙ্গিপুর মহকুমার (বস্ত্র-ব্যবসায়ী ও ফেরিওয়ালাদের) টেক্সটাইল লাইসেন্স রিনিউ হইবে। বস্ত্র-ব্যবসায়ীদের ২০ টাকার ও ফেরিওয়ালাদের ৫ টাকার নন-জুডিসিয়াল ষ্ট্যাম্প লাগিবে।

মিউনিসিপ্যাল এলাকার ব্যবসায়ীদের ট্রেড লাইসেন্স ও বর্ত্তমানে দেওয়া ট্রেড ট্যাক্সের রসিদ দাখিল করিতে হইবে। ডাকযোগে প্রেরিত দরখাস্ত গৃহীত হইবে না। জঙ্গিপুর মহকুমা কন্‌ট্রোলার অফিসে বিনামূল্যে দরখাস্ত ফরম পাওয়া যাইবে ও জ্ঞাতব্য বিষয় জানা যাইবে।

(১) সমসেরগঞ্জ থানা—স্থান খাদ্য ও সরবরাহ বিভাগের ইন্সপেক্টরের অফিস, ধুলিয়ান। ২১শে হইতে ২৯শে মে।

(২) সাগরদীঘি থানা—স্থান খাদ্য ও সরবরাহ বিভাগের ইন্সপেক্টরের অফিস, সাগরদীঘি। ৪ঠা ও ৫ই জুন।

(৩) ফরাক্কা থানা—স্থান খাদ্য ও সরবরাহ বিভাগের ইন্সপেক্টরের অফিস, ধুলিয়ান। ১০ই হইতে ১২ই জুন।

(৪) সুতী থানা—স্থান খাদ্য ও সরবরাহ বিভাগের ইন্সপেক্টরের অফিস, অরঙ্গাবাদ। ১৭ই হইতে ১৯শে জুন।

(৫) রঘুনাথগঞ্জ থানা—স্থান মহকুমা কন্‌ট্রোলার অফিস, জঙ্গিপুর। ২৩শে জুন হইতে ২১শে জুলাই।

* নির্দ্ধারিত তারিখে যাঁহারা দরখাস্ত দাখিল করিতে অপারগ হইবেন তাঁহাদের দরখাস্ত আগামী ২৭শে জুলাই হইতে ২৯শে জুলাই পর্য্যন্ত মহকুমা কন্‌ট্রোলার অফিসে গৃহীত হইবে।

---

## ট্রেণ ও ট্রাক সংঘর্ষ

বিগত ২৪শে এপ্রিল দুপুরে জিয়াগঞ্জ রেল ষ্টেশনের উত্তর দিকের লেভেল ক্রসিংএ ৩৮২নং ডাউন লালগোলা প্যাসেঞ্জার ট্রেণের সহিত একখানি মোটর ট্রাকের ভয়াবহ সংঘর্ষে ১ জন নিহত ও ৩ জন আহত হইয়াছে।

---

## সোনার বিস্কুট

দেখতে অবিকল বিস্কুট। বোম্বাই থেকে ট্রেণে শীতভাপনিয়ন্ত্রিত কামরায় যাত্রীটি বেশ নিরাপদেই শনিবার হাওড়া ষ্টেশনে এসে পৌঁছোলেন। কিন্তু কেন্দ্রীয় শুল্ক ও আবগারীর প্রতিরোধ এবং গোয়েন্দা বিভাগের সন্দেহপ্রবণ অফিসারের হাতে পড়ে সেই বাইরে থেকে বিস্কুট একেবারে খাঁটি সোনা হয়ে ধরা পড়ল। একাত্তরটি সোনার বিস্কুট ওজনে ৭১০ তোলা, দামে ১ লক্ষ ৪০ হাজার টাকা। সোনা আটকের সময় হাওড়া ষ্টেশনে রীতিমত ভিড় জমে যায়। মাঝবয়সী এই যাত্রীটি কয়েকজন বড় বড় চোরা চালানদারের ভাড়াটে লোক হিসাবেই কাজ করে। মাস আড়াই ধরে অফিসাররা ওকে নজর রাখছিলেন।

সোনার বিস্কুটে কয়েকটি ছাপ দেখে অফিসাররা সন্দেহ করছেন, এটি চোরাই চালানের আন্তর্জাতিক ব্যবসা। ৬৮টি বিস্কুটে ( দেড় থেকে পোনে এক ইঞ্চি ) প্যারিসের একটি কোম্পানীর ও তিনটিতে লণ্ডনের একটি কোম্পানীর ছাপ আছে। দশ তোলা এবং ৯৯৯'০ এই চিহ্নও প্রত্যেকটিতে দেখা যায়। 'দশ তোলা' চিহ্নটি দেখে অফিসাররা সন্দেহ করছেন, ওইগুলি বিশেষ'করে ভারত ও পাকিস্তানে চালান দেওয়ার জন্যই তৈরী করা হয়েছে। আটক সোনা জমা পড়বে শুল্ক বিভাগে। এবং ধৃত চোরাই চালানদারকে আদালতে পাঠানোর আগে পুলিশী হাজতে রাখা হবে।

ধৃত ব্যক্তির পরণে উপরে ছিল সার্ট ও প্যাণ্ট ভিতরে ফতুয়ায় দুই পকেটে ৩৬টি আর কোমরে জড়ানো কাপড়ের গেঁজেতে ৩৫টি সোনার. বিস্কুট। তার মনিব এবং এই সম্পর্কে আরও কিছু খবর সংগ্রহের জন্য অফিসাররা ধৃত ব্যক্তির বাড়ী তল্লাসী শুরু করেছেন।

জাতীয় প্রতিরক্ষা তহবিলে
মুক্তহস্তে দান করুন

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করান যাইতেছে যে জেলা মুর্শিদাবাদ থানা সুতীর অধীন হিলোড়া গ্রামে সুপ্রাচীন কাল হইতে শ্রীশ্রী৺শ্যামসুন্দর দেব-ঠাকুর প্রতিষ্ঠিত আছেন এবং উক্ত ষ্টেট absolute দেবোত্তর হইতেছে। উক্ত দেব ষ্টেটের ভক্ত জনসাধারণ কর্ত্তৃক নিয়োজিত সেবাইত রাধাবল্লভ দেব শর্ম্মা গত ৫।৩।৬৬ তারিখে পরলোক গমন করায় তৎস্থলে কাশীধাম নিবাসী মানবধর্ম্ম প্রতিষ্ঠাতা ও সভাপতি যাহার রেজিষ্টার্ড নং ৮৯৭ ও বর্ত্তমান যুগধর্ম্ম ও সমবেত উপাসনা প্রভৃতি গ্রন্থ প্রণেতা পরিব্রাজক আচার্য্য শ্রোত্রিয় ব্রহ্মনিষ্ঠ যোগীরাজ ব্রহ্মানন্দ পরমহংস বেদ-বেদান্তবিদ শাস্ত্রসিন্ধু সরস্বতী মহারাজকে গত ইং ৪।৫।৬৬ তারিখে জাজিগ্রাম অঞ্চলের প্রধান শ্রীক্ষুদিরাম সাহা মহাশয়ের সভাপতিত্বে হিন্দু ভক্ত জনসাধারণ ও বিভিন্ন আখড়ার সাধু মোহান্তগণ কর্ত্তৃক আনুষ্ঠানিকভাবে মোহান্ত নিয়োগ করা হইয়াছে। অতঃপর তিনি দেব-ষ্টেটের সেবা-পূজা ও ষ্টেট পরিচালনা ইত্যাদি যাবতীয় কার্য্য করিবেন। এখন হইতে সর্ব্বসাধারণ উক্ত দেব ষ্টেট সংক্রান্ত যাবতীয় কাজকর্ম্মে তাঁহার সহিত যোগাযোগ করিবেন। তিনি ব্যতীত অন্য লোকের সহিত দেব ষ্টেট সম্বন্ধে কোন কাজকর্ম্ম করিলে দেব ষ্টেট তজ্জন্য দায়ী হইবেন না, তাহাও এতদ্দ্বারা ঘোষণা করা হইল। ইতি ২১শে বৈশাখ, ১৩৭৩ সাল, ইংরাজী ৫।৫।৬৬

শ্রীক্ষুদিরাম সাহা, সভাপতি
অঞ্চল প্রধান, জাজিগ্রাম অঞ্চল
সাং পঞ্চহর, বীরভূম।

## কয়েদী পলায়ন

বিগত ২৭শে এপ্রিল সকাল ৯-৩০ মিনিটের সময় লালবাগ সাব-জেল হইতে একজন দাগী আসামী উধাও হইয়াছে। আসামীর নাম গোবিন্দ মাল সরাই। আসামীর স্ত্রী স্বামীর সহিত সাক্ষাৎ করিতে আসিয়া তাহার স্বামী পলায়ন করিয়াছে জানিতে পারে।

## সরকারী বিজ্ঞপ্তি

সচিব, আঞ্চলিক পরিবহন প্রাধিকার, মুর্শিদাবাদ বিজ্ঞাপিত করিতেছেন যে মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহন প্রাধিকারের ৩১-১২-৬৫ তারিখের সভায় কান্দি—পাঁচথুপি রুটে ( কান্দি হইয়া পাঁচথুপি—বেলগ্রাম রুটের অংশ ) রুটের বর্ত্তমান অপারেটরগণের ( (১) শ্রীঅজিতকুমার চ্যাটার্জী, খাগড়া, (২) শ্রীচিন্ময়কুমার দাস, কান্দি, (৩) শ্রীপুরজিতকিশোর কর ও অন্যান্য, খাগড়া) প্রত্যেকের অনুকূলে উভয় দিকে প্রত্যহ দুই ট্রিপ মঞ্জুর করা স্থিরীকৃত হইয়াছে। ১৯৩৯ সালের মোটর যান আইনের ৫৭ ধারা অনুযায়ী এই ব্যাপারে আর্জিসমূহ উক্ত সচিব কর্ত্তৃক ১৯৬৬ সালের ২৬শে মে বৈকাল ৫টা পর্য্যন্ত গৃহীত হইবে। আঞ্চলিক পরিবহন প্রাধিকার কর্ত্তৃক আর্জিসমূহ ( যদি পাওয়া যায় ) বিবেচনার তারিখ, সময় ও স্থান যথাসময়ে জানানো হইবে। এই স্তম্ভে পূর্ব্বে প্রকাশিত অন্যান্য বিষয় অপরিবর্ত্তিত রহিল।

## নিরুদ্দেশ

আমার দাদা আলাউদ্দিন সেখের মস্তিষ্ক বিকৃত হওয়ায় গত ৪ঠা বৈশাখ বাড়ী হইতে চলিয়া গিয়াছে। তাহার বয়স ৩০ বৎসর, গঠন মাঝারী ধরণের, রং ফরসা। মাঝে মাঝে অর্থহীন কথা বলে' পরণে লুঙ্গি, গায়ে গেঞ্জি ও হাফ সার্ট আছে। সন্ধানদাতাকে সাধ্যমত পুরস্কার দিব।

এস্তার আলি,
পোঃ সালখাঁর দিয়াড়, ( মুর্শিদাবাদ )

## নিলামের ইস্তাহার

**চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত**

**নিলামের দিন ২৩শে মে, ১৯৬৬**

১৯৬৫ সালের ডিক্রীজারী

১৩ মনি ডিঃ সত্যেন্দ্রনাথ দাস দিং দেং গাঁহর সেখ দিং দাবি ৪৮-৩৩ থানা সুতী মৌজে হারোয়া ৩-০০ একর জমির এক-পঞ্চমাংশ নিলাম হইবে আঃ ৪০৲ খং ৩১৮



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

### ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও দোকান |
|---|---|
| ৮৩/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮৩।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ | ফোন: ৫৫-৪৩৬৬ |

---

## দাস ঘর

পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

সকল প্রকার সাইন-বোর্ড লেখা হয়

---

## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ·৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)